

১৩। মনেকর, তুমি প্রান্ত/প্রজ্ঞা। তোমার পার্শ্ববর্তী স্কুলের সাথে ফুটবল ম্যাচ খেলার অনুমতি চেয়ে প্রধান শিক্ষকের নিকট আবেদন পত্র লেখ। ৫

১৪। রচনা লিখ : ২০০ শব্দের মধ্যে (যেকোনো ১টি) : ১০

ক) একজন বীরশ্রেষ্ঠ : (ভূমিকা, জীবন বৃত্তান্ত, মুক্তিযুদ্ধে তার আত্মত্যাগ ও অবদান, উপসংহার)

খ) মৃতশিল্প : (ভূমিকা, মৃতশিল্পের ঐতিহ্য, বর্তমান দুর্দশা, গুরুত্ব, উপসংহার)

গ) একটি ঐতিহাসিক স্থান : (সূচনা, অবস্থান, প্রতিষ্ঠার ইতিহাস, আবিষ্কৃত নিদর্শনসমূহ, ঐতিহাসিক নিদর্শন, উপসংহার)

ঘ) সুন্দরবন : (ভূমিকা, অবস্থান ও আয়তন, গুরুত্ব, উপসংহার)

দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

বার্ষিক পরীক্ষা-২০২০

শ্রেণি : পঞ্চম

বিষয় : বাংলা

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান : ১০০

প্রদত্ত অনুচ্ছেদ পড়ে ১ ও ২ ক্রমিক পর্যন্ত প্রশ্নের উত্তর লিখ

বিশ্বভূমণ্ডল বড়ই বিচিত্র। কত অসম্ভব ব্যাপারই যে ঘটে। পৃথিবীতে সবচেয়ে বৃহৎ জলপ্রপাত বলা হয় নয়াগ্রা কে। এই জলপ্রপাত পাহাড় থেকে নামেনি। সমতলের উপর দিয়ে একটি খরশ্রোতা নদী বইছে। যে মাটির উপর দিয়ে এই খরশ্রোতা নদীটি প্রবাহিত হচ্ছে সেখানে হঠাৎ করেই এক বিশাল ফাটল। একটি নদী যতখানি চওড়া হতে পারে ততখানি ফাঁক। নয়াগ্রার জল ঐ ফাঁকে ভিতরে চলে যাচ্ছে। এটাতো প্রপাত, কারণ পানি পড়ছে। তবে সাধারণ জলপ্রপাতের মতো পাহাড় থেকে নিচে পড়ছে না। পড়ছে সমতল থেকে বিশাল ফাটলের গহ্বরে। কিন্তু পানিটা ফাটলের মধ্যে পড়ে যাচ্ছে কোথায়? নয়াগ্রা তাই একেবারে ভিন্ন রকমের জলপ্রপাত।

১। নিচের শব্দগুলোর অর্থ লিখ : (যেকোন ৫টি)

১ × ৫ = ৫

বিশ্বভূমণ্ডল, জলপ্রপাত, বিচিত্র, সমতল, খরশ্রোতা, গহ্বর, প্রবাহিত।

২। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে লিখ :

২ + ৪ + ৪ = ১০

ক) নয়াগ্রার জল কোথায় যায় ?

খ) নয়াগ্রা জলপ্রপাতের বৈশিষ্ট্য চারটি বাক্যে লিখ।

গ) বিশ্বভূমণ্ডল বড়ই বিচিত্র-চারটি বাক্যে বুঝিয়ে লিখ।

প্রদত্ত অনুচ্ছেদ পড়ে ৩ ও ৪ ক্রমিক পর্যন্ত প্রশ্নের উত্তর লিখ।

মানবতাবোধের জাগরণ ও মনুষ্যত্ব অর্জনই মানব জীবনের মূল লক্ষ্য। মানুষকে মানুষ বানানো সবচেয়ে কঠিন কাজ। নিজেকে ধার্মিক দাবি করলেই হয় না। প্রকৃত ধার্মিক সর্ব জীবে দয়া করেন। তিনিই প্রকৃত বিজ্ঞ যার ভালমন্দ বোধ আছে। প্রকৃত ধীর ব্যক্তি বিপদে বিচলিত হন না। প্রকৃত জ্ঞানী পরের কারণে নিজের স্বার্থকে বলি দেন। এগুলো ব্যতীত মনুষ্যত্ব অর্জন সম্ভব নয়। মূর্খদের ভালোমন্দবোধ থাকে না। মানুষের মতো মানুষ হওয়ার জন্য সকলেরই সাধনা করা উচিত।

৩। প্রদত্ত শব্দের অর্থ বুঝে শূন্যস্থান পূরণ কর :

১ × ৫ = ৫

প্রদত্ত শব্দ	শব্দার্থ
বিজ্ঞ	জ্ঞানী
ধীর	ধৈর্যশীল
মূর্খ	জ্ঞানহীন
বলি	উৎসর্গ করা

প্রকৃত	আসল
ধার্মিক	সৎ ব্যক্তি

- ক) দেশ প্রেমিকরা দেশের জন্য জীবন ..... দেন।  
 খ) যার ভালোমন্দবোধ আছে তাকে ..... বলি।  
 গ) বিপদ কম হয় ..... লোকের।  
 ঘ) দেশের উন্নয়নের জন্য ..... লোক প্রয়োজন।  
 ঙ) মাওলানা ভাসানী একজন ..... দেশপ্রেমিক।

৪। অনুচ্ছেদ পড়ে প্রশ্ন গুলোর উত্তর লেখ : ৫ × ৩ = ১৫

- ক) একজন ধার্মিক ব্যক্তি কেমন হওয়া উচিত? ৫টি বাক্যে লিখ।  
 খ) মনুষ্যত্ব অর্জনই মানব জীবনের মূল লক্ষ্য হওয়া উচিত কেন? ৫টি বাক্যে লিখ।  
 গ) মানুষের জন্য কোন গুণাবলির সাধনা অত্যাবশ্যিক। ৫টি বাক্যে লিখ।

৫। ক্রিয়াপদের চলিত রূপ লিখ : (যেকোনো ৫টি) ৫

আঁকিব, বলিতেছে, দেখিব, মরিতেছে, চলিতেছে, যাইব, হইতেছে।

৬। অনুচ্ছেদটি পড়ে ৫টি প্রশ্ন তৈরি কর : (কে, কি, কেন, কোথায়, কিভাবে, কখন যেকোনো একবার ব্যবহার করে) ৫

আরব দেশের নানা স্থান থেকে সেবার প্রায় দুই লক্ষ মানুষ হজ পালন করতে আসেন। আরাফাতের ময়দানে এত বিপুল সংখ্যক মানুষ দেখে মহানবি (স) এর মন আনন্দে ভরে গেল। এত মানুষ! এরা সবাই ইসলাম ধর্ম গ্রহণ করেছেন। জাবালে রাহমাত নামক পাহাড়ে দাঁড়িয়ে তিনি সমবেত মানুষের উদ্দেশ্যে ভাষণ দিলেন। হজ উপলক্ষ্যে আরাফাত ময়দানে নবিজি (স) এর এটিই শেষ ভাষণ। আর তাই এটি বিদায় হজের ভাষণ নামে খ্যাত।

৭। যুক্তবর্ণগুলো বিভাজন করে শব্দগঠন কর এবং তৈরিকৃত শব্দ দিয়ে বাক্যগঠন কর : (যেকোনো ৫টি)

২ × ৫ = ১০

ঞ্জ, ত্ন, স্ম, ক্ষ, ঋ, ঌ, ঔ।

৮। বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লিখ : ৫

আকাশে মেঘ ডাকে বিদ্যুৎ চমকায় বাজ পড়ে কেন এমন হয় অবাধ বিস্ময়ে ভাবে সে

৯। এক কথায় প্রকাশ কর : (যেকোনো ৫টি) ৫

- ক) মেধা আছে যার  
 খ) যার তুলনা হয় না।  
 গ) যার শত্রু জন্মায় নি।  
 ঘ) যা কষ্টে লাভ করা যায়।  
 ঙ) বিদেশে থাকে যে।  
 চ) আকাশে যে উড়ে বেড়ায়  
 ছ) যা জলে চরে।

১০। বিপরীত শব্দ লিখ (যেকোনো ৫টি) :

চেনা, উন্নত, বিষাদ, যশ, কোমল, মান, ঘুমন্ত।

১১। পাঠ্যবইয়ের কবিতা পড়ে প্রশ্নগুলোর উত্তর লিখ :

২ + ৫ + ৩ = ১০

শিক্ষক কন- জাহাপনা, আমি বুঝিতে পারিনি হায়,  
 কী কথা বলিতে আজিকে আমায় ডেকেছেন নিরালায়?

বাদশাহ্ কহেন, 'সে দিন প্রভাতে

দেখিলাম আমি দাঁড়িয়ে তফাতে

নিজ হাতে যবে চরণ আপনি করেন প্রক্ষালন,

পুত্র আমার জল ঢালি শুধু ভিজাইতেছে ও চরণ।

নিজ হাতখানি আপনার পায়ে বুলাইয়া সযতনে,

ধুয়ে দিল নাক কেন সে চরণ, বড় ব্যথা পাই মনে।

ক) কবিতাংশটুকু কোন কবিতার অংশ? উক্ত কবিতার কবির নাম কী?

খ) কবিতাংশের মূলভাব লেখ।

গ) বাদশাহ মনে ব্যথা পেয়েছিলেন কেন?

১২। মনেকর, তুমি তোমার স্কুলের স্কাউট দলের সদস্য হতে চাও। এজন্য একটি আবেদন ফরম পূরণ করে লেখ। ৫

<b>দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়</b>		<b>ছবি</b>
<b>স্কাউট সদস্য আবেদন ফরম</b>		
১) আবেদনকারীর নাম :		
২) মাতার নাম :		
৩) পিতার নাম :		
৪) জন্ম তারিখ :		
৫) শ্রেণি :		
৬) ঠিকানা :		
৭) মোবাইল নম্বর :		
৮) প্রিয় শব্দ :		
৯) যে বিভাগের সদস্য হতে ইচ্ছুক :		
ক) বয় স্কাউট		
খ) কাব স্কাউট		
.....		.....
আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ		পরিচালকের স্বাক্ষর

